গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
প্রশাসন/সংস্থাপন/জনসংযোগ
www.bpc.gov.bd

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৩.০০০০.০০০.০১০.০২.০০১১.১৭.৩২

**অফিস আদেশ**

গত ২০/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত বিপিসি'র পরিচালকমন্ডলীর ১০১৬ তম বোর্ড সভায় বিপিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ''চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫'' অনুমোদিত হয়েছে। উক্ত চিকিৎসা নীতিমালাটি অনুসরণের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদ্বারা জারী করা হলো।

সংযুক্তি: চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫।

১৭-০২-২০২৬
শাহিনা সুলতানা
সচিব
ফোন : ০২৩৩৩৩১৬৪১৩
ইমেইল : secretary@bpc.gov.bd

নম্বর: ২৮.০৩.০০০০.০০০.০১০.০২.০০১১.১৭.৩২/১ (৮)

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক(অপাঃ ও পরিঃ), কার্যক্রম ও পরিকল্পনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২। পরিচালক(অর্থ), অর্থ ও হিসাব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৩। পরিচালক (বিপণন), বন্টণ, বাজারজাতকরণ ও পরিবীক্ষণ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৪। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৫। উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৬। উপ-মহাব্যবস্থাপক(এমআইএস), এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৭। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং
৮। অফিস কপি, ।

১৭-০২-২০২৬
শাহিনা সুলতানা
সচিব

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন**
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

## চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫

**ভূমিকা:** বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন দেশের পেট্রোলিয়াম পণ্য আমদানি, মজুদ, পরিশোধন, বিপণন, বিতরণ, তত্ত্বাবধান, সমন্বয়, অবকাঠামো উন্নয়ন ও নিয়ন্ত্রণে সরকারের একটি সংবিধিবদ্ধ সংস্থা। ১৯৭৬ সালের অধ্যাদেশ নং LXXXVIII দ্বারা বিপিসি প্রতিষ্ঠা লাভ করে এবং ১ জানুয়ারি ১৯৭৭ হতে কার্যক্রম শুরু করে। সংস্থার কর্মের ধারাবাহিকতা রক্ষার্থে বিপিসি অধ্যাদেশ রহিতক্রমে পরবর্তীতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ প্রণয়ন করা হয়। বিপিসি'র প্রতিষ্ঠাকালীন দেশে জ্বালানি তেলের চাহিদা ছিল ৮ লক্ষ মে. টন যা বর্তমানে প্রায় ৭৫ লক্ষ মে. টনে উন্নীত হয়েছে। বিপিসি'র কর্মকর্তা-কর্মচারীরা অক্লান্ত পরিশ্রম করে দেশের জ্বালানি তেলের সরবরাহ সমুন্নত রেখেছে। প্রতিষ্ঠার শুরু থেকে বিপিসি'র কর্মকর্তা-কর্মচারীরা চিকিৎসা সুবিধা পেয়ে আসছেন। পরবর্তীতে ২০১২ সালে এ সংক্রান্ত চিকিৎসা নীতিমালা প্রণয়ন করা হয়। বর্তমানে জীবনমানের ব্যয় বৃদ্ধির পাশাপাশি রোগব্যাধির ধরণেও পরিবর্তন এসেছে এবং চিকিৎসা ব্যয়ও আনুপাতিক হারে বৃদ্ধি পেয়েছে। ২০১২ সালের নীতিমালায় চিকিৎসা খাতে অর্থ বরাদ্দের পূর্ণাঙ্গ বর্ণনা না থাকায় বিদ্যমান বরাদ্দেরও সুষম ব্যবহার হচ্ছে না। সে প্রেক্ষিতে চিকিৎসা খাতে বাজেট বরাদ্দ পুন:বিন্যাস, বিপিসি'র বিদ্যমান চিকিৎসা নীতিমালা সময়োপযোগী, বাস্তবসম্মত ও হালনাগাদ করে চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫ প্রণয়ন করা হয়েছে।

২। **শিরোনাম ও প্রবর্তন:**

২.১) এই নীতিমালা "চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫" নামে অভিহিত হবে।

২.২) এই নীতিমালা বিপিসি'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের জন্য প্রযোজ্য হবে।

২.৩) এই নীতিমালা বিপিসি'র ১০১৬ তম বোর্ড সভার অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য:**

৩.১) বিপিসি'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের চিকিৎসা সেবা নিশ্চিত করা।

৩.২) চিকিৎসা খাতে বিপিসি'র বাজেটে বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

৪। **সংজ্ঞা/নোট/ব্যাখ্যা:**

৪.১) 'সংস্থা' বলতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন'কে বুঝাবে।

৪.২) 'পরিবার' বলতে এই নীতিমালায় নিম্নরূপ ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ'কে বুঝাবে:

৪.২.১) কর্মকর্তা-কর্মচারীদের স্ত্রী অথবা স্বামী;

৪.২.২) কর্মকর্তা-কর্মচারীদের অবিবাহিত (অনূর্ধ্ব ২৫ বৎসর) নির্ভরশীল সন্তান;

৪.২.৩) কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ চাহিদাসম্পন্ন সন্তান।

৪.২.৪) কর্মকর্তা-কর্মচারীদের পিতা-মাতা।

৪.৩) 'চিকিৎসা কর্মকর্তা' বলতে সংস্থা কর্তৃক নিয়োগপ্রাপ্ত/দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক'কে বুঝাবে।

৪.৪) 'প্রেসক্রিপশন' বলতে BMDC রেজি: প্রাপ্ত চিকিৎসকের পরামর্শ পত্র'কে বুঝাবে।

৪.৫) 'চিকিৎসা সুবিধা' বলতে চিকিৎসক কর্তৃক প্রদেয় সেবা, সংস্থার চিকিৎসকের পরামর্শ/রেফারেল অনুযায়ী সকল প্রকার মেডিক্যাল, সার্জিক্যাল ও প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা এবং সংস্থা কর্তৃক চিকিৎসা ব্যয় পুন:ভরণ করা'কে বুঝাবে।

৪.৬) 'টেলিমেডিসিন' বলতে সংস্থার চিকিৎসা কর্মকর্তা কর্তৃক টেলিযোগাযোগ সুবিধা ব্যবহার করে স্বাস্থ্যসেবা প্রদান করা'কে বুঝাবে।

৪.৭) 'কর্তৃপক্ষ' বলতে সংস্থার চেয়ারম্যান'কে বুঝাবে।

৪.৮) BMDC **বলতে 'Bangladesh** Medical & Dental Council'কে বুঝাবে।

৪.৯) ICU **বলতে Intensive Care Unit'কে বুঝাবে।**

৪.১০) NICU **বলতে** Neonatal Intensive Care Unit'কে বুঝাবে।

৪.১১) HDU **বলতে** High Dependency Unit'কে বুঝাবে।

৪.১২) CCU **বলতে** Coronary Care Unit'কে বুঝাবে।

৪.১৩) MOU বলতে হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টারের সাথে সম্পাদিত সমঝোতা স্মারক'কে বুঝাবে।

৫। **চিকিৎসা ব্যয় পুন:ভরণের শর্তাবলি:**

৫.১) চিকিৎসা ব্যয় পুন:ভরণের জন্য আবেদনকারীকে বিপিসি'র কর্মকর্তা/কর্মচারী হতে হবে।

৫.২) আবেদনকারী সংস্থার চেয়ারম্যান বরাবর আবেদন করবেন।

৫.৩) আবেদনকারীর আবেদনের সাথে নিম্নরূপ কাগজপত্র থাকতে হবেঃ

৫.৩.১) সকল প্রকার ক্যাশ মেমো/ভাউচার এর মূলকপি।

৫.৩.২) সংস্থার চিকিৎসা কর্মকর্তার প্রেসক্রিপশন/রেফারেল পত্রের অনুলিপি।

৫.৩.৩) রোগের স্বপক্ষে সংশ্লিষ্ট প্রেসক্রিপশন এবং রিপোর্ট এর অনুলিপি।

৫.৩.৪) হাসপাতালের ছাড়পত্রের অনুলিপি।

৫.৩.৫) পরিবারের সদস্যদের ক্ষেত্রে NID/জন্ম নিবন্ধন এর অনুলিপি।

৬। **চিকিৎসা সেবা গ্রহীতাদের বিবরণ:**

৬.১) সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ (পিআরএল পর্যন্ত) এবং সরকার কর্তৃক প্রেষণে সংস্থায় নিযুক্ত কর্মকর্তাগণ।

৬.২) কর্মকর্তা-কর্মচারীদের পরিবার (কর্মকর্তা-কর্মচারীদের স্ত্রী অথবা স্বামী, অবিবাহিত (অনূর্ধ্ব ২৫ বৎসর) নির্ভরশীল সন্তান, বিশেষ চাহিদাসম্পন্ন সন্তান এবং পিতা-মাতা)

৭। **সংস্থার চিকিৎসা সেবা খাতে অনুসৃত সাধারণ শর্তাবলি:**

**৭.১) বহি:বিভাগের চিকিৎসা সুবিধা:** বহি:বিভাগের চিকিৎসার ক্ষেত্রে সংস্থার কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যগণ নিম্নরূপ চিকিৎসা সুবিধা পাবেন:

৭.১.১) কনসালটেন্সি ফি: সংস্থার চিকিৎসা কর্মকর্তা সকল কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে চিকিৎসা সেবা এবং জরুরী প্রয়োজনে টেলি-মেডিসিন সেবা প্রদান করবেন। সংস্থার নিয়মিত চিকিৎসকের পরামর্শ/রেফারেল অনুযায়ী কোন বিশেষজ্ঞ চিকিৎসকের চিকিৎসা সেবা নিতে হলে কনসালটেন্সি ফি বাবদ ৫০০/- টাকা (সর্বোচ্চ) পুন:ভরণ করা হবে।

৭.১.২) পরীক্ষা-নিরীক্ষার ব্যয়: শুধুমাত্র সংস্থার চিকিৎসা কর্মকর্তার প্রেসক্রিপশন অনুসারে অথবা সংস্থার চিকিৎসা কর্মকর্তার পরামর্শ/রেফারেল অনুযায়ী কোন বিশেষজ্ঞ চিকিৎসকের চিকিৎসা নিলে সেক্ষেত্রে মানসম্পন্ন যেকোন ডায়াগনষ্টিক সেন্টারে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করানোর প্রকৃত ব্যয় পুন:ভরণ করা হবে। এক্ষেত্রে চিকিৎসা ব্যয় যৌক্তিক ও সীমাবদ্ধ রাখার লক্ষ্যে ব্যয়বহুল পরীক্ষা-নিরীক্ষার (পরিশিষ্ট-১) ক্ষেত্রে উক্ত ব্যয় বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় এর হার অনুযায়ী ও সংস্থার চিকিৎসা কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রত্যয়ন সাপেক্ষে পুন:ভরণ করা হবে।

৭.১.৩) বিশেষ প্রয়োজনে রোগীর ফিজিওথেরাপি নেওয়ার ক্ষেত্রে প্রতি সেশনের জন্য ৫০০/- টাকা (সর্বোচ্চ) পুন:ভরণ করা হবে।

**৭.২) হাসপাতালে ভর্তি ও চিকিৎসা সুবিধা:** হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে সংস্থার **কর্মকর্তা/কর্মচারী** ও তাদের পরিবার নিম্নরূপ চিকিৎসা সুবিধা পাবেন:

৭.২.১) সংস্থার চিকিৎসা কর্মকর্তা অথবা বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুসারে হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে দৈনিক বেড/কেবিন ভাড়া পদমর্যাদা অনুযায়ী নিম্নরূপ হারে প্রাপ্য হবেন:

| পদমর্যাদা | দৈনিক বেড/কেবিন ভাড়া (সর্বোচ্চ) |
|---|---|
| চেয়ারম্যান/ পরিচালক/ সচিব/ উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক | ৫,০০০/- টাকা |
| উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/ উপ-ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক | ৩,০০০/- টাকা |
| কনিষ্ঠ কর্মকর্তা/কর্মচারী | ২,০০০/- টাকা |

৭.২.২) ICU/NICU/PICU, HDU/CCU এর ক্ষেত্রে সকল কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবার/ পোষ্যদের জন্য একই হার প্রদেয় হবে। এক্ষেত্রে দৈনিক বেড চার্জ, মনিটর, ভেন্টিলেটর ইত্যাদির জন্য মোট খরচ সর্বোচ্চ নিম্নরূপ হারে প্রাপ্য হবেন:

| | |
|---|---|
| ICU/NICU/PICU | ২০,০০০/- টাকা |
| HDU/CCU | ১০,০০০/- টাকা |

৭.২.৩) হাসপাতালে চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার ব্যয় ৭.১.২ এ উল্লিখিত নিয়মে পুন:ভরণ করা হবে।

৭.২.৪) হাসপাতালে প্রয়োজনীয় যেকোন অপারেশন করানোর ক্ষেত্রে অপারেশন ও অ্যানেস্থেসিয়ার খরচ বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় এর হার অনুযায়ী পুন:ভরণ করা হবে।

৭.২.৫) হাসপাতালে চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে দৈনিক বেড/ কেবিন ভাড়া, পরীক্ষা-নিরীক্ষার খরচ এবং অপারেশন ও অ্যানেস্থেসিয়া চার্জ ব্যতীত নিম্নবর্ণিত খাতে সংস্থার চিকিৎসা কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রত্যয়ন সাপেক্ষে সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পুন:ভরণ করা হবে:

| | |
|---|---|
| (ক) | ঔষধ |
| (খ) | ওটি চার্জ (অপারেশন এর ক্ষেত্রে) |
| (গ) | বিশেষজ্ঞ চিকিৎসকের কনসালটেন্সি ফি |
| (ঘ) | বিভিন্ন প্রসিডিউর (NG Tube, Catheter, IV Cannula, ABG, CV line/Central Venous Catheter ইত্যাদি) এর ফি/খরচ |
| (ঙ) | অক্সিজেন |
| (চ) | নেবুলাইজেশন |
| (ছ) | সিবিজি |
| (জ) | ড্রেসিং/প্লাস্টার |
| (ঝ) | ফটোথেরাপি ইত্যাদি |

**৭.৩) বিশেষায়িত/ অতিরিক্ত ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে আর্থিক প্রাপ্যতার পরিমাণ:** বিশেষায়িত/ অতিরিক্ত ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসা ব্যয় যৌক্তিক ও সীমাবদ্ধ রাখার লক্ষ্যে সংস্থার চিকিৎসা কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রত্যয়নক্রমে চিকিৎসা ব্যয় পুন:ভরণ এর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত অনুসৃত হবে:

| | | |
|---|---|---|
| ৭.৩.১ | হৃদরোগ এর চিকিৎসার ক্ষেত্রে প্রসিডিউর ফি, প্রয়োজনীয় ঔষধ, পরীক্ষা-নিরীক্ষা ও অন্যান্য খরচসহ চিকিৎসা ব্যয় বাবদ PTCA/PCI, Stenting, TPM/PPM ইত্যাদি ক্ষেত্রে সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে | ২.০ (দুই) লক্ষ টাকা |
| ৭.৩.২ | হার্ট এর যেকোন সার্জিক্যাল চিকিৎসা/অপারেশন যেমনঃ CABG, Cardiac Valve Replacement ইত্যাদি ক্ষেত্রে চিকিৎসা ব্যয় বাবদ সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে | ৩.০ (তিন) লক্ষ টাকা |
| ৭.৩.৩ | যেকোন ক্যান্সার এর চিকিৎসা এবং রেনাল ট্রান্সপ্ল্যান্টসহ অর্থোপেডিক্স, নিউরোসার্জারী, ভাস্কুলার সার্জারী ও অন্যান্য যেকোন জটিল ও ব্যয়বহুল সার্জিক্যাল চিকিৎসা/অপারেশন করানোর ক্ষেত্রে চিকিৎসা ব্যয় বাবদ সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে (এক্ষেত্রে প্রয়োজনীয় ঔষধ ও পরীক্ষা-নিরীক্ষার খরচ, অপারেশন, অ্যানেস্থেসিয়া ও ওটি চার্জ, কেমোথেরাপি ও রেডিওথেরাপির খরচ, হাসপাতালের বিলসহ অন্যান্য খরচ চিকিৎসা ব্যয় এর অন্তর্ভুক্ত হবে) | ২.০ (দুই) লক্ষ টাকা |
| ৭.৩.৪ | স্ট্রোক, ইনফার্টিলিটি, লিভার/কিডনি/শ্বাসকষ্টজনিত জটিল রোগসহ অন্যান্য যেকোন জটিল ও অতিরিক্ত ব্যয়বহুল রোগের চিকিৎসার ক্ষেত্রে ঔষধ ও পরীক্ষা-নিরীক্ষার খরচ, ডায়ালাইসিস, হাসপাতালের বিল ও অন্যান্য খরচসহ চিকিৎসা ব্যয় বাবদ সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে | ১.০ (এক) লক্ষ টাকা |
| ৭.৩.৫ | চক্ষুরোগ ও দন্তরোগ এর চিকিৎসার ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসকের কনসালটেন্সি ফি, ঔষধ ও পরীক্ষা-নিরীক্ষার খরচ, অপারেশন/ প্রসিডিউর চার্জ ইত্যাদির জন্য চিকিৎসা ব্যয় বাবদ সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে | ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা |
| ৭.৩.৬ | নরমাল ডেলিভারির ক্ষেত্রে ডেলিভারি চার্জ, ঔষধ ও পরীক্ষা-নিরীক্ষার খরচ, হাসপাতালের বিল ও অন্যান্য খরচসহ চিকিৎসা ব্যয় বাবদ সর্বোচ্চ প্রাপ্য পুন:ভরণ হবে | ১০,০০০ (দশ হাজার) টাকা |

**৭.৪) বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত:** সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ চিকিৎসা কর্মকর্তার পরামর্শক্রমে বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা করাবেন। উক্ত পরীক্ষা-নিরীক্ষা করানোর প্রকৃত ব্যয় সংস্থা কর্তৃক পুন:ভরণ করা হবে।

৮। **আবশ্যকীয় শর্তাবলি:**

৮.১) সংস্থার চিকিৎসা কর্মকর্তার প্রেসক্রিপশন/রেফারেল পত্র ব্যতীত কোন কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের কোন প্রকার চিকিৎসা সুবিধা প্রদান করা হবে না। জরুরী ভিত্তিতে কোন কর্মকর্তা-কর্মচরী ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা গ্রহণ করতে হলে পরবর্তী কার্যদিবসে সংস্থার চিকিৎসা কর্মকর্তার নিকট হতে রেফারেল পত্র গ্রহণ করতে হবে। চিকিৎসা ব্যয় প্রত্যর্পণের আবেদনের সাথে উক্ত প্রেসক্রিপশন/রেফারেল পত্রের অনুলিপি এবং সকল প্রকার ক্যাশ মেমো/ভাউচার এর মূলকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

৮.২) সংস্থার চিকিৎসা কর্মকর্তা অবগত নন এমন কোন চিকিৎসা ব্যয় সংস্থা পুন:ভরণ করবে না।

৮.৩) চিকিৎসা গ্রহণের ০৩ মাসের মধ্যে (বিশেষ ক্ষেত্রে সংস্থার চিকিৎসা কর্মকর্তাকে অবহিত করে ০৬ মাসের মধ্যে) চিকিৎসা ব্যয় পুন:ভরণের জন্য আবেদন করতে হবে।

৮.৪) কোন কর্মকর্তা-কর্মচারী বা তাদের পরিবারের সদস্যদের বিদেশে চিকিৎসা করানোর কোন ব্যয় সংস্থা বহন করবে না।

৮.৫) চিকিৎসা গ্রহণের নিমিত্ত সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ কোন প্রকার যাতায়াত ভাতা পাবেন না।

৮.৬) 'সংস্থার অঙ্গ প্রতিষ্ঠান' হতে আগত কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে না।

৮.৭) প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী বা তাদের স্ত্রীগণ সমগ্র চাকরিকালে সর্বোচ্চ ০২ (দুই) বার মাতৃত্বকালীন (সিজারিয়ান/নরমাল ডেলিভারি) চিকিৎসা সুবিধা পাবেন।

৮.৮) হাসপাতাল বা ডায়গনস্টিক সেন্টার হতে হাতে লেখা কোন বিল গ্রহণযোগ্য হবেনা। এক্ষেত্রে ডিজিটালাইজড বিল প্রদান করতে হবে।

৮.৯) বিপিসি'র "চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫" অনুসরণ করা হলে বিপিসি'র কল্যাণ তহবিল হতে চিকিৎসা বিল সংক্রান্ত কোন সুবিধা প্রদান করা হবে না।

৯। **কর্তৃপক্ষের এখতিয়ারঃ** এই নীতিমালাই যা কিছুই থাকুক না কেন, সংস্থার চিকিৎসা কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত চিকিৎসা ব্যয়ের অর্থের পরিমাণ কম বা বেশি করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। **সমঝোতা স্মারক (MOU) সম্পাদন:** অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ ৬.১ ও ৬.২ এ বর্ণিতদের চিকিৎসা সেবা প্রদানের জন্য একাধিক স্বনামধন্য হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টারের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করা যেতে পারে। সংস্থার পক্ষে সচিব, বিপিসি এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করবেন।

১১। **চিকিৎসা ব্যয় বৃদ্ধির ক্ষেত্রে করণীয়:** অনুচ্ছেদ-৭ এর উপ-অনুচ্ছেদ ৭.১.২ ও ৭.২.৪ এ বর্ণিত চিকিৎসা সেবার হার বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় এর হার পরিবর্তনের সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে বিপিসি'র কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১২। **রেকর্ড সংরক্ষণ:** সংস্থার চিকিৎসা কর্মকর্তা এই নীতিমালা অনুযায়ী চিকিৎসা সেবায় ব্যয়িত অর্থের রেকর্ড সংরক্ষণ করবেন এবং প্রতি অর্থবছর শেষে এ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন চেয়ারম্যান, বিপিসি বরাবর নিয়মিত দাখিল করবেন।

১৩। **রহিতকরণ:** এ নীতিমালা বলবৎ হওয়ার তারিখে চিকিৎসা নীতিমালা, ২০১২ রহিত হয়েছে বলে গণ্য হবে।

১৪। **পরিবর্তন ও পরিবর্ধন:** চিকিৎসা নীতিমালা (সংশোধিত), ২০২৫ এর পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও পরিমার্জন করার সকল ক্ষমতা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।

২৯.০২.২০২৫

(ডা. এস. এম. মোরশেদ খান)
উর্ধ্বতন আবাসিক চিকিৎসক
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

(মুহাম্মদ মোরশেদ হোসাইন আজাদ)
মহাব্যবস্থাপক (অর্থ)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(মণি লাল দাশ)
উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বা: ও অপা:)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(এ. টি. এম. সেলিম)
উর্ধ্বতন মহাব্যবস্থাপক (হিসাব)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(শাহিনা সুলতানা)
সচিব, বিপিসি
ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি

## পরিশিষ্ট-১

**অনুচ্ছেদ-৭ এর উপ-অনুচ্ছেদ ৭.১.২ অনুসারে চিকিৎসা ব্যয় যৌক্তিক ও সীমাবদ্ধ রাখার লক্ষ্যে নিম্নলিখিত ব্যয়বহুল পরীক্ষা-নিরীক্ষার ব্যয় বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় এর হার অনুযায়ী পুন:ভরণ করা হবে:**

| | |
|---|---|
| ETT | Histopathology (Biopsy) |
| Holter monitor | Cytopathology |
| BNP / Pro BNP / NT Pro BNP | FNAC |
| Color Doppler | Immunohistochemistry |
| Duplex scan | DIF study |
| Angiogram | CDo Calcitonin (PCT) |
| ABPM | GSP (Fructosamine) |
| TEE | a (alpha) I Antitrypsin |
| DSE | Factor V / Antithrombin III |
| Bicycle Ergometry | Protein C / Protein S |
| DSA | Free B-HCG |
| EEG | PAPP-A |
| EMG | Tacrolimus/Cyclosporine |
| NCV | Pivka II |
| RNS | ACE |
| Sleep Study | Renin |
| FOL | Aldosterone |
| CT Scan | |
| MRI | **(Autoimmune Panel)** |
| BMD | Anti Ds-DNA |
| IVU/IVP | Anti-CCP |
| RGU/MCU | Anti Cardiolipin Ab IgG/IgM |
| Myelogram | Anti Phospholipid Ab IgG/IgM |
| Dacryocystography | ENA Profile |
| Sialogram | Anti Sm/RNP/SSA/SSB/SCL 70/Jo1 |
| Histerosalphingogram (HSG) | Anti Centromere Ab |
| Mammogram | Tissue Transglutaminase IgA (tTg-A) |
| Fistulogram/Sinogram | Anti Acetylcholine Receptor Ab |
| Ba-swallow/Ba-meal/Ba-Enema | IL-6 |
| ERCP | Anti LKM-1/ Anti Smooth Muscle Ab |
| MRCP | Auto Immune Liver Diseases Panel |
| Fibroscan | Anti Mitochondrial Ab |
| Endoscopy / Duodenoscopy | |
| Proctoscopy/Sigmoidoscopy | **(Molecular Diagnostics)** |
| Colonoscopy | MTB-NTM/MTB-MDR |
| Anti Mullerian hormone (AMH) | Quantiferon TB Gold Plus |
| Vitamin D | GeneXpert MTB/RIF |
| Allergy Panel | Bacterial Meningitis panel |
| Anti Insulin | Respiratory Bacterial panel |
| C-Peptide | Tropical Fever Panel |
| D-Dimer | Eye Panel (HSV1/2, Adeno,Chlam, VZV) |
| Procalcitonin | KRAS/NRAS/BRAF/PIK3CA/ AKTI |

| | |
|---|---|
| SHBG | **(TORCH Panel)** |
| Colorectal Cancer full panel | TORCH IgM only |
| Fecal Calprotectin | TORCH IgG only |
| Bile Acid | TORCH IgG + IgM |
| EGFR Mutation | **(Test For Leukemia)** |
| BRCA 1/2 | Immunophenotyping for Acute leukemia |
| **(Rhuematology Panel)** | Immunophenotyping for PNH clone |
| ANA Detect/ ANA Screen/ Anti C1q | Stem cell enumeration |
| Anti-alpha-fordrin IgG/IgA | BCR-ABL (Major) Quantitative for CML |
| Anti ds DNA Screen/IgG/IgM/IgA | BCR-ABL screening (Major/minor/micro) |
| Anti Histone/Anti Centromere B | BCR-ABL Quantitative for CML followup |
| ENA Screening | PML-RARA t(15-17) translocation |
| Anti MCV/Anti-ss DNA/Anti-Jo-1 | JAK2 V617F mutation |
| Anti Nucleosome/Anti Sm | CALR/MPL/FLT3- ITD/InV16/(8;21) |
| Anti-Rib-P/Anti-Scl-70 | **(Test For Immunodeficiency)** |
| Anti SSA 52/Anti SSA60/Anti SSB | Primary immunodeficiency (PID) |
| RF Screen/IgG/IgM/IgA | CD19 B cell count |
| **(Thrombosis Panel)** | CD4 T lymphocyte count |
| Anti Annexin V IgG/IGM | CD4:CD8 ratio |
| Anti B2 glycoprotein I Screening | **(Molecular virology tests)** |
| Anti B2 glycoprotein IgG/IgM/IgA | Hepatitis B Virus (HBV)-DNA |
| Anti Phospatidic Acid IgG/IgM | Hepatitis C Virus (HCV)-RNA |
| Anti Phosphatidyl Inosital IgG/IgM | Hepatitis C Virus Genotyping |
| Anti Phosphatidyl Serine IgG/IgM | HCV-RNA +Genotyping |
| Anti Phosphatidyl Screen IgG/IgM | Cytomegalo Virus (CMV) DNA in Urine/ Blood/ Aqueous humor |
| Anti Phospholipid Screem IgG/IgM | |
| Anti Prothrimbin IgG/IgM | Viral Respiratory Panel(RSV, Influenza, SARS-COV-2)/ Adeno |
| Anti Cardiolipin Screen IgG/IgM/IGA | |
| | Human Papillomavirus (HPV)-DNA |
| **(Gastrology Panel)** | Viral Encephalitis Panel (11 Virus) |
| Anti IF/Parietal Cell/AMA-M2 | BK Virus DNA (Blood/ Urine) |
| Anti DGP Screen/IgA/IgG | SARS-CoV-2 (PCR) |
| Anti Gliadin Screen IgA/IgG | MMR Antibody Test |
| Anti ITG Screen/IgA/IgG | **(HLA Tissue Typing/ Cross Matching)** |
| Anti gp210/LKM-1/LC1/Sp100 | HLA-ABDR genotyping |
| Anti SLA/ASCA/IgG/ASCA IgA | HLA-DR genotyping |
| | HLA (A&B) Typing |
| **(Vasculitis Panel)** | HLA-C genotyping |
| High Sensitive ANCA Screen/Anti GBM | HLA-DQB1 genotyping |
| High Sensitive CANCA/PANCA | HLA-B27 DNA |
| Anti Elastase/ Anti Lysozyme | T-cell, B-cell cross matching |
| Anti BPL/Anti Cathepsin G | Panel Reactive Antibody /DSA ইত্যাদি |